NYC Public Schools

PS+YOU

From Chancellor **David C. Banks**

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



বিগ অ্যাপল অ্যাওয়ার্ডস্—আমাদের বীরোচিত শিক্ষকদের সম্মাননা

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমি আমাদের নিবেদিতপ্রাণ, কঠোর-পরিশ্রমী শিক্ষকদের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ, যারা আমাদের শিক্ষার্থীদের শুধু শিক্ষাদানই করেন না, বরং তাদেরকে উজ্জ্বল ভবিষ্যতের পথে অগ্রসর হবার জন্য লালন ও পথ-নির্দেশনা প্রদান করেন। আমি নিজে একজন গর্বিত নিউ ইয়র্কার হিসেবে, আমাদের অসাধারণ শিক্ষকদের জীবন-পরিবর্তন সাধনকারী ক্ষমতা সম্পর্কে জানি।

আমি কখনো ব্রুকলিনের P.S. 161-এর সেই চতুর্থ-গ্রেডের শিক্ষকের কথা ভুলবো না, যিনি আমার জীবনের মোড় ঘুড়িয়ে দিয়েছিলেন। মিসেস মিলড্রেড স্কট (Mrs. Mildred Scott) ছিলেন একজন অনুপ্রেরণা। তিনি আমাকে কৃষ্ণাঙ্গদের ইতিহাস বা ব্ল্যাক হিস্টরি সম্পর্কে শিখিয়েছেন। তিনি আমাকে আর আমার সহপাঠীদের অনুধাবন করেছেন, এবং আমি কে তা জানতে আমাকে সহায়তা করেছেন এবং একজন কিশোর হিসেবে আমাকে ধাবিত করেছেন। তিনি আমাকে কমিউনিটির প্রতি দায়িত্ব সম্পর্কেও শিখিয়েছিলেন, এবং আমি যখন আমার পুরনো নেইবারহুডে ইস্টার্ন পার্কওয়ের P.S. 167-এ একজন শিক্ষক হই আমি তার সকল শিক্ষা আমার সাথে নিয়েছি।

আমি বিশ্বাস করি যে সকল অসাধারণ শিক্ষকের মিসেস স্কট (Mrs. Scott)-এর একনিষ্ঠতা রয়েছে—শেখার ভালবাসা থেকে জন্মানো এবং আমাদের ছেলেমেয়েদের জন্য একটি গভীর যত্নশীলতা থেকে উৎসারিত। অসাধারণ শিক্ষকগণ তাদের পেশাকে একটি গভীর আহ্বান হিসেবে দেখেন এবং তাদের শিক্ষার্থীদের সাফল্যের প্রতি হন অনুরাগী...শুধু শিক্ষায়তনিকভাবেই নয়, এর পাশাপাশি আবেগগতভাবেও। অসাধারণ শিক্ষকগণ তাদের শিক্ষার্থীদের প্রতি উচ্চ প্রত্যাশা করেন এবং তাদেরকে সফল হবার জন্য আত্মবিশ্বাস প্রদান করেন।

এখন, বার্ষিক বিগ অ্যাপল অ্যাওয়ার্ডস-এর জন্য তাদেরকে মনোনয়ন দেয়ার মাধ্যমে, শিক্ষকগণকে তাদের পরিষেবা এবং অসামান্য কাজের জন্য স্বীকৃতি ও ধন্যবাদ প্রদানে সহায়তা করার, আপনার একটি সুযোগ রয়েছে। এই অ্যাওয়ার্ডগুলো নিউ ইয়র্ক সিটির সেসব শিক্ষকদের উদযাপন করে, যারা শিক্ষার্থীদের উৎকর্ষ সাধনে অনুপ্রাণিত করেন এবং তাদেরকে তাদের স্বপ্নের পিছু-তাড়া করতে প্রস্তুত হতে সহায়তা করেন।

শিক্ষার্থীবৃন্দ, পরিবারবর্গ, সহকর্মীবৃন্দ, এবং কমিউনিটির সদস্যগণ, সকলেই নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের কোনো শিক্ষককে schools.nyc.gov/BigAppleAwards. -সাইটে, মনোনয়ন দিতে পারেন। মনোনয়নের সময়কাল 28 ফেব্রুয়ারি পর্যন্ত উন্মুক্ত।

আমার কাজের একটি অত্যন্ত আনন্দময় অংশ হল বিজয়ীদের ক্লাসরুম আকস্মিক পরিদর্শন করে তাদের অবহিত করা! এই প্রায়শই-অজ্ঞাত বীরদের মুখমণ্ডল উজ্জ্বল হতে দেখা প্রকৃত অর্থেই আমার দিনটি ভাল করে দেয়। বিজয়ীগণ বিগ অ্যাপল ফেলোশিপ-এ অংশগ্রহণের সুযোগ পান, যেখানে তারা তাদের নেতৃত্বের দক্ষতায় ধার দিতে এবং চ্যান্সেলরের টিচার অ্যাডভাইজরি কাউন্সিলে পরিষেবা দিতে এবং আমাদের স্কুলগুলো জুড়ে মূল নীতিগত সিদ্ধান্তগুলোতে অবদান রাখতে পারেন।

আপনার সন্তানের জীবনে অসাধারণ শিক্ষকগণ সম্পর্কে ভাবতে এবং একটি বিগ অ্যাপল অ্যাওয়ার্ড-এর জন্য তাদেরকে মনোনীত করতে আমি আপনাকে উৎসাহিত করছি: যে শিক্ষক আপনার সন্তানকে একটি ক্লাসরুম পাঠ্যে অতিরিক্ত সহায়তা করেছেন। যে শিক্ষক আপনার সন্তানের কোনো বিশেষ প্রতিভাকে স্বীকৃতি দিয়েছেন। যে শিক্ষক আপনার সন্তানকে দৃষ্ট, যত্নপ্রাপ্ত, এবং উন্নীত বোধ করিয়েছেন।

যেসব শিক্ষার্থী দিন-রাত আমাদের শিক্ষার্থীদের জন্য কাজ করে যাচ্ছেন—আপনি তাদের সেই কাজের স্বীকৃতি দেন এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন—তা প্রদর্শনের সর্বোত্তম উপায়টি হচ্ছে একটি বিগ অ্যাপল মনোনয়ন।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল্স-এ আমাদের সকলের পক্ষ থেকে, আমি আমাদের শিক্ষকদেরকে আপনাদের প্রতিভা, আপনাদের নিবেদিতপ্রাণতা, এবং আমাদের ছেলেমেয়েদের প্রতি আপনাদের অবিচল বিশ্বাসের জন্য ধন্যবাদ জানাতে চাই। মিসেস মিলড্রেড স্কট (Mrs. Mildred Scott) আমার জন্য যেমনটি করেছিলেন, আপনারা আমাদের শিক্ষার্থীদের জীবনে সত্যিকারের একটি পরিবর্তন আনছেন।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)
চ্যান্সেলর

চন্দ্র নববর্ষ বা লুনার নিউ ইয়ার উদযাপন



24 জানুয়ারিতে, চ্যান্সেলর ব্যাংকস্ (Banks) চায়নাটাউনে অবস্থিত P.S. 130 হার্নান্দো ডি সোটো স্কুল-এ চন্দ্র নববর্ষ উদযাপন করেছেন, যেখানে শিক্ষার্থীরা বিভিন্ন সংস্কৃতি এবং কমিউনিটি সম্পর্কে যা শিখেছে তা তুলে ধরার জন্য গর্বভরে মঞ্চে আসীন হয়েছে। অনুষ্ঠানটি "হিডেন ভয়েসেস: এশিয়ান আমেরিকান প্যাসিফিক আইল্যান্ডার পাইলট প্রোগ্রাম"-এর সফল সমাপ্তি চিহ্নিত করেছে, যা নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদেরকে অসংখ্য মানুষ সম্পর্কে জানতে ও সম্মান প্রদর্শনে সহায়তা করেছে, যারা আমাদের ইতিহাস ও পরিচিতিতে রূপ দিয়েছেন এবং অব্যাহতভাবে দিয়ে যাচ্ছেন, কিন্তু প্রথাগত ঐতিহাসিক রেকর্ডকে প্রায়শই "বিস্মৃত"। চ্যান্সেলর একটি নতুন AAPI পাঠ্যক্রম গাইড ঘোষণা করেছেন, যা AAPI ইতিহাস এবং বিষয়বস্তু সম্পর্কে শিক্ষাবিদদের নিজস্ব জ্ঞানার্জনের জন্য লভ্য হবে।

আপনি যদি PS+You থেকেআর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে আনসাবস্ক্রাইব করুন।